দৈনিক

23 MAY 2017

# দাওরায়ে হাদিসকে মাস্টার্সের স্বীকৃতির বৈধতার বিরুদ্ধে রিট খারিজ

স্টাফ রিপোর্টার। কওমী মাদ্রাসার দাওরায়ে হাদিস পরীক্ষাকে মাস্টার্সের সমমান হিসেবে স্বীকৃতি প্রদান কার্যক্রমের বৈধতা চ্যালেঞ্জ করে দায়ের করা রিট আবেদন খারিজ করে দিয়েছে হাইকোর্ট। বিচারপতি সৈয়দ মোঃ দস্তগীর হোসেন ও বিচারপতি মোঃ আতাউর রহমান খানের সমন্বয়ে গঠিত হাইকোর্ট বেঞ্চ দ্বৈত বেঞ্চ সোমবার উত্থাপিত হয়নি মর্মে আবেদনটি খারিজ করে দেয়। পরে আইনজীবী জানান, গত ১৩ এপ্রিল শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ কওমী মাদ্রাসার সর্বোচ্চ সনদকে সাধারণ শিক্ষার স্নাতকোত্তর ডিগ্রীর স্বীকৃতি দিয়ে গেজেট জারি করে। এর কয়েকদিন আগেই প্রধানমন্ত্রী শেখ হাসিনা এর ঘোষণা দেন। গেজেটে বলা হয়, বৈশিষ্ট্য বজায় রেখে ও দারুল উলুম দেওবন্দের মূলনীতিগুলোকে ভিত্তি ধরে কওমী মাদ্রারাসার দাওরায়ে হাদিসের সনদকে মাস্টার্স (ইসলামিক স্ট্যাডিজ এবং আরবী) এর সমমান প্রদান করা হলো।

দাওরায়ে হাদিসের সনদকে মাস্টার্সের সমমান দেয়ার লক্ষ্যে কওমী মাদ্রাসা বোর্ডগুলো কর্তৃক গঠিত মান বাস্তবায়ন কমিটির ওপর আস্থাভাজনপূর্বক কওমী মাদ্রাসা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান শাহ আহমদ শফীকে চেয়ারম্যান করে একটি কমিটিও গঠন করে সরকার। এ কমিটির অধীনে ও তত্ত্বাবধানে দাওরায়ে হাদিসের পরীক্ষা হবে বলে সরকারী আদেশে বলা হয়েছে। তবে কমিটি দাওরায়ে হাদিসের সিলেবাস প্রণয়ন, পরীক্ষা পদ্ধতি, পরীক্ষার সময় নির্ধারণ, অভিন্ন প্রশ্নপত্র প্রণয়ন, উত্তরপত্র মূল্যায়ন, ফলাফল ও সনদ তৈরিসহ আনুষঙ্গিক কার্যক্রম পরিচালনার জন্য এক বা একাধিক উপ-কমিটি গঠন করতে পারবে।

গেজেটে বলা হয়েছে, এ কমিটি সনদ বিষয়ক যাবতীয় কার্যক্রমের ক্ষেত্রে সর্বোচ্চ সিদ্ধান্ত গ্রহণকারী বলে বিবেচিত হবে। এ কমিটি দ্বারা নিবন্ধিত মাদ্রাসাগুলো দাওরায়ে হাদিসের সনদ মাস্টার্সের সমান বিবেচিত হবে। এ গেজেটের বৈধতা চ্যালেঞ্জ করে আহলে সুন্নাত ওয়াল জামাতের অনুসারী মোঃ ফজলুল হক হাইকোর্টে রিট করেন। ওই রিট সোমবার উত্থাপিত হয়নি মর্মে খারিজ হয়।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং
তারিখ
চীফ, পরিসংখ্যান বিভাগ
চীফ, ডি.এল.পি বিভাগ
সিস্টেম এনালিস্ট
সিস্টেম ম্যানেজার
প্রশাসনিক কর্মকর্তা
পি.এ
কার্যার্থে/অবগতার্থে
স্বাক্ষর